

২২

Report

ঢাকা ভার্শিটি রাষ্ট্রবিজ্ঞান মাস্টার্স পরীক্ষার প্রশ্নপত্র
ফাঁসে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর জড়িত নয়
প্রাথমিক তদন্ত রিপোর্ট পেশ

৥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৥

ঢাকা বিশ্ববিদ্যালয় রাষ্ট্রবিজ্ঞান বিভাগের মাস্টার্স পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনা তদন্তে গঠিত তদন্ত কমিটির প্রাথমিক রিপোর্ট পেশ করা হয়েছে। শনিবার রাতে বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. এস-এম-এ ফয়েজের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় এ রিপোর্ট পেশ করা হয়। প্রাথমিক তদন্তে প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় বিশ্ববিদ্যালয় পরীক্ষা নিয়ন্ত্রক কার্যালয়ের জড়িত থাকার প্রমাণ পাওয়া যায়নি। তবে প্রশ্নপত্র ফাঁসের কেলেঙ্কারিতে পরীক্ষা কমিটির কোন সদস্যের যোগসাজশ থাকতে পারে। পর্যাপ্ত সাক্ষ্য প্রমাণ শেষে শিগগিরই চূড়ান্ত রিপোর্ট জমা দেয়া হবে। তদন্ত কমিটির সদস্য ও বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার রেজাউর রহমান জানান, প্রাথমিক তদন্তে কাউকে দাঘি করা হয়নি। গত বছর ২৭ ডিসেম্বর রাষ্ট্রবিজ্ঞান বিভাগ মাস্টার্স কন্সিহেনসিভ কোর্সের প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে পরীক্ষা বাতিল করা হয়।